# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-01-2025** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও ৭৬ তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হচ্ছে। রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেড রোডে।

দিল্লীর কর্তব্যপথে কুচকাওয়াজে অংশ নিচ্ছে লোকপ্রসার এবং লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের ভাবনায় তৈরি রাজ্যের ট্যাবলো।

২) বাংলা থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মান পাচ্ছেন। তালিকায় রয়েছেন ঢাক বাদক গোকুল চন্দ্র দাস, গায়ক অরিজিত্ সিং, সরোদিয়া পন্ডিত তেজেন্দ্র নারায়ণ মজুমদার, অভিনেত্রী – নৃত্যশিল্পী মমতা শংকর প্রমুখ।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, 'এক দেশ এক নির্বাচন' বিল সুশাসনের নতুন সংজ্ঞা তৈরি করবে।

৪) সরকারি চিকিৎসকদের কাজে নজরদারি চালাতে আগামী একমাসের ডিউটি রোস্টার চেয়ে পাঠিয়েছে স্বাস্থ্য দপ্তর।

৫) কলকাতা আন্তর্জাতিক বইমেলা উপলক্ষে শিয়ালদা থেকে সেক্টর ফাইভের মধ্যে বাড়তি ট্রেন চালাবে মেট্রো রেল।

৬) আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, মুম্বই সিটি এফসির মুখোমুখি হবে।

---

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও যথাযথ মর্যাদায় ৭৬তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হচ্ছে। সকালে রেড রোডে জাতীয় পতাকা উন্মোচন করবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এরপর এক বর্ণময় কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন তিনি। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও ওই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে রেড রোড সহ গোটা শহরে নিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়েছে। শহরের বিভিন্ন জায়গায় ১১৯ জন ইন্সপেক্টর, অতিরিক্ত পুলিশ কমিশনার পদমর্যাদার ৪৬ জন আধিকারিক সহ মোট দু-হাজার তিনশো জন পুলিশ কর্মী মোতায়েন থাকছে। একটি প্রতিবেদন।

(ভিসি)

কুচকাওয়াজ শেষ না হওয়া পর্যন্ত, হসপিটাল রোড, লাভারস রোড, গোষ্ঠ পাল সরনী, ডাফরিন রোড, আউট্রাম রোড বন্ধ থাকবে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

নতুনদিল্লীর কর্তব্য পথে সকাল১০টা ৩০ মিনিট থেকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ শুরু হবে। এবার কুচকাওয়াজে পশ্চিমবঙ্গের ট্যাবলো অংশ নিচ্ছে। রাজ্য সরকার লোক প্রসার এবং লক্ষীর ভান্ডার প্রকল্পের ভাবনা নিয়েই ওই ট্যাবলো পরিকল্পনা করা হয়েছে। জঙ্গলমহলের প্রেক্ষাপট ও টেরাকোটা মন্দিরের আদলে সাজিয়ে তোলা হয়েছে ট্যাবলোটিকে। রাজ্যের ছৌ এবং বাউল শিল্পীরা পরিবেশন করবেন সাংস্কৃতিক অনুষ্ঠান।

---

রাজ্যপাল C  V আনন্দ বোস আজ সাধারণতন্ত্র দিবসে পশ্চিমবঙ্গবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। সকাল সাড়ে আটটা থেকে তা’ শোনা যাবে।

নতুন দিল্লিতে আজ কর্তব্যপথ এবং জাতীয় যুদ্ধ স্মারকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ধারা বিবরণী, সকাল ৯’টা ৪০ মিনিট থেকে ইংরেজী এবং হিন্দিতে প্রচারিত হবে। এজন্য ৯’টা ১৫ মিনিটের বাংলা সংবাদ গীতাঞ্জলীর পরিবর্তে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে শোনা যাবে।

এছাড়া আকাশবাণী কলকাতা কেন্দ্রের ১০টা ১০-এর স্থানীয় সংবাদ আজ বাতিল থাকছে।

----------------------

বাংলা থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মান পাচ্ছেন। তালিকায় রয়েছেন উত্তর ২৪ পরগণার মছলন্দপুরের বাসিন্দা, ঢাক বাদক গোকুল চন্দ্র দাস। মহিলাদের ঢাক বাজানো শিখিয়ে স্বনির্ভর করে তুলেছেন তিনি। দেশ বিদেশে ঢাক বাজিয়ে সুনাম অর্জনের পাশাপাশি দেড় কেজি ওজনের হালকা ঢাক তৈরি করে তাক লাগিয়েছেন। পদ্মশ্রী সম্মানের জন্য নির্বাচিত হয়ে আপ্লুত বছর ৫৭-র গোকুলবাবু বলেন, এ সম্মান গোটা বাংলার।

(বাইট)

পদ্মশ্রী পাচ্ছেন মুর্শিদাবাদের জিয়াগঞ্জের ছেলে বিখ্যাত গায়ক অরিজিৎ সিং। এছাড়াও রয়েছেন সরোদ বাদক পন্ডিত তেজেন্দ্রনারায়ণ মজুমদার। পিতামহ বিভূতিরঞ্জন মজুমদারের কাছে তাঁর হাতে খড়ি। বাহাদুর খান, আলী আকবর খাঁ -এর মত প্রবাদপ্রতিম শিল্পীদের কাছে তালিম নিয়েছেন তিনি। নৃত্যশিল্পী -অভিনেত্রী মমতা

শঙ্কর, সাহিত্যিক-শিক্ষাকর্মী নগেন্দ্রনাথ রায়, শিল্পপতি পবন গোয়েঙ্কা এবং সজ্জন ভজনকা, ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজ, শিক্ষানুরাগী তথা সমাজকর্মী, পরিবার স্কুলের প্রতিষ্ঠাতা বিনায়ক লোহানিও এবার পদ্মশ্রী সম্মান পাচ্ছেন। পদ্মশ্রী প্রাপকদের তালিকায় রয়েছেন স্টেট্ ব্যাংক অফ ইন্ডিয়ার প্রাক্তন চেয়ারপার্সন অরুন্ধতি ভট্টাচার্যও।

এদিকে, মরণোত্তর পদ্মভূষণ দেওয়া হচ্ছে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রাক্তনী অর্থনীতিবিদ বিবেক দেবরায়কে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের প্রধান ছিলেন তিনি।

উল্লেখ্য, সাধারনতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় গতকাল ২০২৫-এর পদ্মসম্মান প্রাপকদের নাম ঘোষণা করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। এবছর মোট ১৩৯ জনকে পদ্মসম্মান দেওয়া হচ্ছে, যার মধ্যে পদ্মবিভূষণ পাচ্ছেন ৭ জন। ১৯ জন পাচ্ছেন পদ্মভূষণ। পদ্মশ্রী দেওয়া হচ্ছে ১১৩ জনকে।

----------------------

'এক দেশ এক নির্বাচন' বিল সুশাসনের নতুন সংজ্ঞা তৈরি করবে বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। ৭৬ তম সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে গতসন্ধ্যায় জাতির উদ্দেশ ভাষণে তিনি বলেন, এই নীতি পঙ্গুত্ব দূর করে সুশাসনের ক্ষেত্রে ধারাবাহিকতা নিয়ে আসবে, কমবে আর্থিক বোঝাও।

বাইট

**১৯৪৭ সালে দেশ স্বাধীন হলেও ঔপনিবেশিক ধ্যান ধারণার বহু অবশেষ মানুষের মনে রয়ে গেছে। তার পরিবর্তনে সম্মিলিতভাবে প্রয়াস চালানো হচ্ছে। পুরনো**

ফৌজদারি আইনের পরিবর্তে ভারতীয় ন্যায় সংহিতা, নাগরিক সুরক্ষা সংহিতা এবং সাক্ষ্য অধিনিয়ম আনা হয়েছে।

তিনি বলেন, ভগবান বিরসা মুন্ডার দেড়শো তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। বিংশ শতাব্দীতে মহাত্মা গান্ধী, রবীন্দ্রনাথ ঠাকুর এবং বাবাসাহেব আম্বেদকারের মত মনীষীরা গণতান্ত্রিক মূল্যবোধ, ন্যায়বিচার, স্বাধীনতা, সাম্য এবং ভ্রাতৃত্বের ধারণাকে পুনরাবিস্কার করতে সাহায্য করেছে। দেশের সভ্যতার ঐতিহ্যের অঙ্গ হিসাবে এই ধারণাগুলি এখনও রয়েছে।

----------------------

সরকারি চিকিৎসকদের কাজে সময়ানুবর্তিতা আনতে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। এবার থেকে ডাক্তাররা নিয়ম মেনে নির্ধারিত সময় ডিউটি করছেন কিনা তা দেখতে কেন্দ্রীয়ভাবে নজরদারি চালানো হবে বলে রাজ্যের স্বাস্থ্য দফতর সিদ্ধান্ত নিয়েছে। এজন্য রাজ্যের সব মেডিকেল কলেজ হাসপাতালের ডাক্তারদের আগামী এক মাসের ডিউটি রোস্টার চেয়ে পাঠানো হয়েছে । আগামীকালের মধ্যে তা জমা দিতে হবে। চিকিৎসকদের উপস্থিতি যাচাই করতে আচমকা পরিদর্শনে যাবেন স্বাস্থ্য দফতরের আধিকারিকরা। সার্জারির সময় সংশ্লীষ্ট সিনিয়র চিকিৎসক উপস্থিত আছেন কি না তাও দেখা হবে। হাজিরা না থাকলে বা কর্তব্যে গাফিলতি প্রমাণিত হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে।

----------------------

আরজিকর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় প্রতিবাদী আন্দোলনের অন্যতম মুখ, পিজিটি চিকিৎসক কিঞ্জল নন্দ সম্পর্কে

নানান তথ্য জানতে চেয়ে রাজ্য মেডিকেল কাউন্সিল, কলেজের অধ্যক্ষকে চিঠি দিয়েছে। তার ভাতা, উপস্থিতি, কাজের সময় ছাড়াও অভিনয়ের জন্য তিনি হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে কোন অনুমতি নিয়েছিলেন কিনা, চিঠিতে তাও জানতে চাওয়া হয়েছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে খবর।

এর আগে, এই হাসপাতালের আরো এক চিকিৎসক আস্ফাকুল্লা নাইয়াকে নিয়েও একইরকম চিঠি দিয়েছিল মেডিকেল কাউন্সিল। ভুয়ো ডিগ্রি ব্যবহারের অভিযোগে তাঁর বাড়িতে তল্লাশিও চালানো হয়।

এদিকে, রাজ্য মেডিকেল কাউন্সিলের এই পদক্ষেপ প্রসঙ্গে ডাক্তার কিঞ্জল নন্দ বলেছেন, নিয়ম বহির্ভূত কোনো কাজ তিনি করেননি।

(বাইট)

অভয়ার বিচারের দাবিতে যারা আন্দোলনে করেছিলেন, তাঁদেরই বেছে বেছে হেনস্থা করা হচ্ছে বলে চিকিৎসক মানস গুমটা অভিযোগ করেছেন। চিকিৎসক অনিকেত মাহাতো, পরবর্তীকালে এই নিয়ে আরও বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, কাউন্সিলের এই পদক্ষেপের সঙ্গে দল বা রাজনীতির কোনো সম্পর্ক নেই।

(বাইট)

-----------------------

আর জি করের নির্যাতিতার ন্যায়বিচারের দাবিতে গতরাতে অভয়া মঞ্চের পক্ষ থেকে সোদপুর রেল স্টেশনের কাছে দ্রোহের সাধারণতন্ত্র দিবস পালিত হয়। সেখানে

প্রতিবাদ আন্দোলনকে আরো শক্তিশালী করার ডাক দেন চিকিৎসকরা। সাংবাদিকদের নির্যাতিতার বাবা, মা বলেন, রাজ্য পুলিশের পাশাপাশি সিবিআইও তথ্য প্রমান লোপাট করেছে।

-----------------------

৪৮ তম কলকাতা আন্তর্জাতিক বইমেলায উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে মেট্রোরেল আগামী মঙ্গলবার থেকে ৯ ফেব্রুয়ারি রবিবার পর্যন্ত শিয়ালদা থেকে সেক্টর ফাইভের মধ্যে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রবিবার বাদে বইমেলার দিনগুলিতে ১০৬ টির পরিবর্তে ১২২ টি ট্রেন চালানো হবে। দুপুর ২ টো ৫ থেকে রাত ৯ টা ১৫ মিনিট পর্যন্ত ঐ রুটে ১২ মিনিট অন্তর ট্রেন পরিষেবা পাওয়া যাবে।

আগামী দোসরা ও ৯ ফেব্রুয়ারি এই দুই রবিবার আপ ও ডাউন মিলিয়ে ৭৪ টি ট্রেন চলবে। এই সময় দুপুর ২ টো ১৫ মিনিট থেকে রাত ৯ টা ৪০ মিনিট পর্যন্ত মেট্রো চালু থাকবে।

-----------------------

এমাসের ২১ তারিখ থেকে সৌরজগতের ছটি গ্রহ মঙ্গল, বৃহস্পতি, শুক্র, শনি, ইউরেনাস ও নেপচুন কে পৃথিবী থেকে এক সারিতে দেখা যাচ্ছে। মহাকাশের বিরল এই ঘটনা নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

প্রতিবেদন

-----------------------

মুম্বই ফুটবল এরিনায় আজ আইএসএল ফুটবল ম্যাচে মহামেডান স্পোর্টিং, মুম্বই সিটি এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মুম্বই ১৬ ম্যাচে

২৪ পয়েন্ট নিয়ে লিগতালিকায় সপ্তম এবং মহামেডান ১৬ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে।

---------------------- ----------------------